# জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

## স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তি নির্দেশিকা

## শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

**https://admission.jnu.ac.bd**

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সার্বিক ভর্তি প্রক্রিয়া সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পাদনের জন্য ভর্তি নির্দেশিকাটি অত্যন্ত মনোযোগ সহকারে পড়া অত্যাবশ্যক।

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা
## স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তি নির্দেশিকা
## শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

১. জগন্নাথ বিশ্ববিদ্যালয় ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে (https://admission.jnu.ac.bd) আবেদন আহ্বান করছে।

**২. আবেদনের যোগ্যতা:**

ক) যে সকল শিক্ষার্থী ২০২১ বা ২০২২ সালে এসএসসি/সমমান এবং ২০২৪ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তারা আবেদন করতে পারবে।

| ইউনিট/অনুষদ | যে সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে | ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|
| **ইউনিট-A** (বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ) | বিজ্ঞান, মাদ্রাসা (বিজ্ঞান), এইচএসসি (ভোকেশনাল) | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ **৮.০** থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **৩.৫** এর কম নয়। |
| **ইউনিট-B** (কলা ও আইন অনুষদ) | সকল শাখা | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ **৭.০** থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **৩.০** এর কম নয়। |
| **ইউনিট-C** (বিজনেস স্টাডিজ অনুষদ) | সকল শাখা | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ **৭.৫** থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **৩.০** এর কম নয়। |
| **ইউনিট-D** (সামাজিক বিজ্ঞান অনুষদ) | সকল শাখা | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ **৭.০** থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **৩.০** এর কম নয়। |
| **ইউনিট-E** (চারুকলা অনুষদ) | সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে। শর্ত পূরণ সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাক বিএফএ সার্টিফিকেটধারী শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে। | এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ **৬.৫** থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় প্রাপ্ত জিপিএ **৩.০** এর কম নয়। |

খ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি), ইংরেজি মাধ্যম অথবা বিদেশ থেকে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে তাদের আবেদনের গ্রহণযোগ্যতা তুল্যতা (Equivalence) সাপেক্ষে নির্ধারিত হবে। তুল্যতা (Equivalence) সার্টিফিকেট-এর জন্য বিশ্ববিদ্যালয়ের admission ওয়েবসাইট থেকে https://admission.jnu.ac.bd/equivalences/apply -এই লিংকে প্রবেশ করতে হবে।

গ) ইংরেজি মাধ্যম **"O"** লেভেলে **৫টি** এবং **"A"** লেভেলে ন্যূনতম **২টি** বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **"O"** লেভেলে **৫টি** এবং **"A"** লেভেলে **২টি** অর্থাৎ মোট **সাতটি (৫+২)** বিষয়ের মধ্যে যথাক্রমে **৪টি** বিষয়ে কমপক্ষে **B** গ্রেড ও **৩টি** বিষয়ে কমপক্ষে **C** গ্রেড থাকতে হবে।

**৩। আবেদন প্রক্রিয়া:**

ক) প্রাথমিক আবেদন:

১। প্রথমে https://admission.jnu.ac.bd এ ভিজিট করতে হবে।

২। "Click here to Apply" বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য (এইচএসসি'র রোল, শিক্ষাবোর্ড, এসএসসি'র রোল, পাসের সন এবং মোবাইল নম্বর-ভর্তি সংক্রান্ত সকল যোগাযোগের জন্য উক্ত মোবাইল নম্বর ব্যবহৃত হবে) প্রদান করে "Apply" বাটনে ক্লিক করলে আবেদনকারীর তথ্য ওয়েবসাইটে প্রদর্শিত হবে।

৩। প্রদর্শিত তথ্য সঠিক হলে "Confirmation" বাটনে ক্লিক করতে হবে।

৪। আবেদনকারীর মোবাইল নম্বরে (প্রদত্ত মোবাইল নম্বর) পাসওয়ার্ড প্রদান করা হবে। ভবিষ্যতে ব্যবহারের জন্য পাসওয়ার্ডটি সংরক্ষণ করতে হবে।

৫। এরপর "Click here to Login" অথবা "Applicant Login" লিংকে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে লগইন করতে হবে।

৬। i. লগইন সফল হলে Dashboard-এ আবেদনকারীর মৌলিক তথ্যসহ আবেদনকারী যে সকল ইউনিটে আবেদন করার যোগ্য তার তালিকা প্রদর্শিত হবে।

ii. এখানে আবেদনকারী যে সকল ইউনিটে আবেদন করতে ইচ্ছুক তার পাশে "Click here to Apply" বাটনে ক্লিক করে (ইউনিট ভিত্তিক) আবেদন করতে হবে। উল্লেখ্য, প্রতিটি ইউনিটের পাশে "Click here to See Subject List" এ ক্লিক করলে সংশ্লিষ্ট ইউনিটের বিষয়সমূহ প্রদর্শিত হবে।

৭। সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করার পর "Pay Now" বাটন প্রদর্শিত হবে এবং "Pay Now" বাটনে ক্লিক করে **bKash** অথবা **Rocket** মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে প্রত্যেক ইউনিটের জন্য পৃথকভাবে পেমেন্ট করতে হবে।

পেমেন্ট পদ্ধতি:

**bKash** -এর মাধ্যমে পেমেন্ট করার পদ্ধতি:

i. যে সকল আবেদনকারী **bKash-**এর মাধ্যমে পেমেন্ট করতে চায় তারা Pay now by bKash মেনুতে ক্লিক করবেন।

ii. এরপর নির্ধারিত স্থানে **bKash** একাউন্ট নম্বর (**bKash** একাউন্ট আছে এমন মোবাইল নম্বর) প্রদান করে Confirm বাটনে ক্লিক করতে হবে।

iii. Confirm বাটনে ক্লিক করার পর প্রাপ্ত Verification Code নির্দিষ্ট স্থানে টাইপ করে পুনরায় Confirm বাটনে ক্লিক করতে হবে।

iv. Confirm বাটনে ক্লিক করার পর নির্দিষ্ট স্থানে **bKash** একাউন্টের পিন নম্বর টাইপ করে পুনরায় Confirm বাটনে ক্লিক করে পেমেন্ট সম্পন্ন করতে হবে।

৮। Confirm বাটনে ক্লিক করার পর পেমেন্ট সম্পন্ন হলে Dashboard-এ, আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিটের Slip Download বাটনে ক্লিক করে পেমেন্ট স্লিপ ডাউনলোড করে সংরক্ষণ করবেন।

**Rocket** -এর মাধ্যমে পেমেন্ট করার পদ্ধতি:

i. আবেদনকারীকে মোবাইল নম্বর এবং পিন দিয়ে Rocket Apps এ লগইন করতে হবে।

ii. Bill Pay অপশন নির্বাচন করতে হবে।

iii. Jagannath University Admission অথবা বিলার আইডি ৬৬৭৭ লিখে বিলার নির্বাচন করতে হবে।

iv. Payment ID দিয়ে নিজের হলে self, অন্যকারো হলে other অপশন নির্বাচন করে মোবাইল নম্বর লিখতে হবে এবং VALIDATE-এ ট্যাপ করতে হবে।

v. এ পর্যায়ে নাম ও টাকার পরিমাণ যাচাই করে OK ট্যাপ করতে হবে।
vi. পিন নম্বর দিয়ে কনফার্ম না হওয়া পর্যন্ত চাপ দিয়ে ধরে রাখতে হবে।
vii. স্ক্রিনে পেমেন্টের সারসংক্ষেপ দেখার পর OK ট্যাপ করতে হবে।
viii. ভবিষ্যতের জন্য Receipt সংরক্ষণ করতে হবে।

খ) <u>প্রাথমিক প্রার্থী বাছাই প্রক্রিয়া (ইউনিট-A, B, C, D ও E)</u>:

প্রাথমিক আবেদনের নির্ধারিত তারিখ শেষে প্রতিটি ইউনিটে (ইউনিট-A, B, C, D ও E) আবেদনকারীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে আসন অনুপাতে ৪০০০০ (চল্লিশ হাজার) প্রার্থীকে বহুনির্বাচনী ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রাথমিকভাবে বাছাই করা হবে। চল্লিশ হাজার ভর্তিচ্ছু শিক্ষার্থী বাছাই করার জন্য SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং HSC পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরকে (৪র্থ বিষয়সহ) ভিত্তি করে যোগ্য পরীক্ষার্থীদের তালিকা প্রস্তুত করা হবে। যদি একই পয়েন্ট/নম্বর প্রাপ্ত ৪০০০০-তম প্রার্থী একাধিক হয় তাহলে তাদেরকেও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। পরীক্ষা দেয়ার জন্য যোগ্য প্রাথমিকভাবে বাছাইকৃত চল্লিশ হাজার পরীক্ষার্থীর নাম ও রোল নম্বর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং পরীক্ষার্থীদের প্রদানকৃত মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমেও জানিয়ে দেয়া হবে। আরো উল্লেখ্য যে, প্রাথমিকভাবে বাছাইকৃত প্রত্যেক ইউনিটের চল্লিশ হাজার পরীক্ষার্থীর মধ্যে অন্তর্ভুক্ত আবেদনকারীরাই কোটার সুবিধা পাবে। এই শর্ত পোষ্য কোটাসহ সকল কোটার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

গ) <u>প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীর করণীয়</u>**:**

i. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনকারীকে বহুনির্বাচনী ও লিখিত ভর্তি পরীক্ষা ফি বাবদ ৭০০.০০ টাকা+ সার্ভিস চার্জ জমা দিতে হবে যা <u>১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ বেলা ১২.০০ টা থেকে ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত জমা দেয়া যাবে (BST)</u>।

ii. JnU Admission ওয়েবসাইট **(**https://admission.jnu.ac.bd**)** -এ গিয়ে "Applicant Login" লিংকে ক্লিক করে এইচএসসি ও এসএসসি'র রোল নম্বর, মোবাইল নম্বর এবং মোবাইল নম্বরে প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে।

iii. Login করার পরে আবেদনকারীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি [যার Background সাদা 300×300 Pixel সর্বোচ্চ 150 KB সাইজ, JPG ফরম্যাট] এবং স্বাক্ষর 300×80 Pixel Upload করতে হবে।

iv. আবেদনকারীকে অগ্রাধিকার ভিত্তিতে/ইউনিট ভিত্তিক বিষয় পছন্দ (Subject Choice) দিতে হবে। ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ। পরবর্তী সময়ে আবেদনকারীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোনো অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। **তাই ভর্তিচ্ছু শিক্ষার্থীকে ভেবেচিন্তে বিষয় পছন্দক্রম সাজাতে হবে।**

v. কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর কোটাভুক্ত হওয়ার জন্য কোটা সংক্রান্ত নির্ধারিত তথ্য Upload করতে হবে, যেমন: মুক্তিযোদ্ধার সন্তান কোটা (FFQ)/ পোষ্য কোটা (WQ)/ ক্ষুদ্র-নৃগোষ্ঠী কোটা (SEQ)/ শারীরিক প্রতিবন্ধী কোটা (Differently Abled) (PDQ)/ খেলোয়াড় কোটা (BKSP)/ হরিজন ও দলিত কোটা (HDQ) উল্লেখ করতে হবে। **উল্লেখ্য যে আবেদন করার সময় কোটা উল্লেখ না করলে পরবর্তীতে কোটাভুক্তির আবেদন বিবেচনা করা হবে না।**

vi. পূরণকৃত ফরমে যে তথ্য দেয়া হয়েছে তা পুনরায় চেক করতে হবে। মনে রাখতে হবে Final Submit Button-এ Click করার পর পূরণকৃত ফরমের কোনো তথ্য পরিবর্তন করা যাবে না। তাই Final Submit Button-এ Click করার আগেই নিশ্চিত হতে হবে যে ফরমটি যথাযথভাবে পূরণ করা হয়েছে। চেক করার পর সকল তথ্য যথাযথ হলে Final Submit Button-এ Click করতে হবে। অতঃপর প্রবেশপত্র (Admit Card) প্রিন্ট করে নিজের কাছে সংরক্ষণ করতে হবে এবং পরীক্ষার দিন অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে এবং পরীক্ষার হলে প্রত্যবেক্ষক-কে প্রদর্শন করতে হবে।

**৪। আবেদন করার সময়সূচি ও আবেদন ফি:**

| **ইউনিট/বিভাগসমূহ** | **আবেদনের সময়কাল** | **আবেদন ফি** |
|---|---|---|
| ইউনিট-A: বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ<br>ইউনিট-B: কলা ও আইন অনুষদ<br>ইউনিট-C: বিজনেস স্টাডিজ অনুষদ<br>ইউনিট-D: সামাজিক বিজ্ঞান অনুষদ<br>ইউনিট-E: চারুকলা অনুষদ | প্রাথমিক আবেদনের জন্য:<br><br>০১/১২/২০২৪ তারিখ বেলা ১২.০০ টা থেকে ১৫/১২/২০২৪ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত | ১০০ (একশত) টাকা + সার্ভিস চার্জ *<br>(bKash/ Rocket মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে জমা দেয়া যাবে।) |
| ইউনিট-A: বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ<br>ইউনিট-B: কলা ও আইন অনুষদ<br>ইউনিট-C: বিজনেস স্টাডিজ অনুষদ<br>ইউনিট-D: সামাজিক বিজ্ঞান অনুষদ<br>ইউনিট-E: চারুকলা অনুষদ | চূড়ান্ত আবেদনের জন্য:<br><br>১৭/১২/২০২৪ তারিখ বেলা ১২.০০ টা থেকে ৩০/১২/২০২৪ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত | ৭০০ (সাতশত) টাকা + সার্ভিস চার্জ *<br>(bKash/ Rocket মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে জমা দেয়া যাবে।) |

* সার্ভিস চার্জ ১%।

**৫। পরীক্ষার পদ্ধতি:**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বহুনির্বাচনী ও লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। ইউনিট-A, B, C ও D-এর পরীক্ষার সময় হবে **১ ঘণ্টা**। তবে ইউনিট-E-এর পরীক্ষার সময় হবে **১ ঘণ্টা ৩০ মিনিট**।

(ক) পরীক্ষার নম্বর বণ্টন :

| | |
|---|---|
| বহুনির্বাচনী | ২৪ নম্বর |
| লিখিত পরীক্ষা | ৪৮ নম্বর |
| SSC থেকে | ১২ নম্বর |
| HSC থেকে | ১৬ নম্বর |
| **মোট** | **১০০ নম্বর** |

**বি. দ্র. :** (১) ইউনিট B-এর অর্ন্তভুক্ত সংগীত ও নাট্যকলা এবং ইউনিট D-এর অর্ন্তভুক্ত ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ-এ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বহুনির্বাচনী ও লিখিত পরীক্ষার ফলাফলের পর মেধা তালিকার ভিত্তিতে ৫০ নম্বর-এর ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। **ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ২০ নম্বর পেতে হবে**। বহুনির্বাচনী, লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রণয়ন করা হবে। উল্লেখ্য, ব্যবহারিক পরীক্ষার জন্য নির্দিষ্ট হারে ফি প্রযোজ্য হবে। ব্যবহারিক পরীক্ষার ফি ও সময়সূচী পরবর্তীতে https://admission.jnu.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

(২) ইউনিট E-এর ৪৮ নম্বরের লিখিত পরীক্ষার পরিবর্তে ৪৮ নম্বরের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। বহুনির্বাচনী ও ব্যবহারিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

(খ) ইউনিট-A, B, C, D ও E-এর ভর্তি পরীক্ষার বিষয়গুলো হবে নিম্নরূপঃ

<table>
<tr><th>ইউনিট</th><th colspan="2">পরীক্ষার বিষয়</th></tr>
<tr><td>ইউনিট-A<br>বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ</td><td colspan="2">i. পদার্থবিজ্ঞান<br>ii. রসায়ন<br>iii. গণিত অথবা জীববিজ্ঞান</td></tr>
<tr><td>ইউনিট-B<br>কলা ও আইন অনুষদ</td><td colspan="2">i. বাংলা<br>ii. ইংরেজি<br>iii. সাধারণ জ্ঞান<br>সকল শাখার জন্য</td></tr>
<tr><td rowspan="2">ইউনিট-C<br>বিজনেস স্টাডিজ অনুষদ</td><td>বাণিজ্য শাখা</td><td>অন্যান্য শাখা</td></tr>
<tr><td>i. ইংরেজি<br>ii. গাণিতিক বুদ্ধিমত্তা<br>iii. হিসাব বিজ্ঞান এবং ব্যবসায় নীতি ও প্রয়োগ।</td><td>i. ইংরেজি<br>ii. গাণিতিক বুদ্ধিমত্তা<br>iii. সাধারণ জ্ঞান</td></tr>
<tr><td>ইউনিট-D<br>সামাজিক বিজ্ঞান অনুষদ</td><td colspan="2">i. বাংলা<br>ii. ইংরেজি<br>iii. গাণিতিক বুদ্ধিমত্তা ও সাধারণ জ্ঞান<br>সকল শাখার জন্য</td></tr>
<tr><td>ইউনিট-E<br>চারুকলা অনুষদ</td><td colspan="2">i. বাংলা<br>ii. ইংরেজি<br>iii. সাধারণ জ্ঞান<br>iv. ড্রইং<br>সকল শাখার জন্য</td></tr>
</table>

নোটঃ উপরোল্লিখিত ইউনিটসমূহে প্রত্যেক বিষয়ে পরীক্ষার নম্বর সমান থাকবে।

## ৬। ভর্তি পরীক্ষার সময়সূচিঃ

| ইউনিট/অনুষদ | তারিখ | বার | ১ম শিফ্‌ট | ২য় শিফ্‌ট | ৩য় শিফ্‌ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ইউনিট-E<br>চারুকলা অনুষদ | ৩১/০১/২০২৫ | শুক্রবার | সকাল ১০.০০টা হতে<br>সকাল ১১.৩০টা পর্যন্ত | দুপুর ২.৩০টা হতে<br>বিকাল ৪.০০টা পর্যন্ত | বিকাল ৫.০০টা হতে<br>সন্ধ্যা ৬.৩০টা পর্যন্ত | বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিজস্ব তত্ত্বাবধানে বহুনির্বাচনী ও লিখিত পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। আসন বিন্যাস যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। |
| ইউনিট-D<br>সামাজিক বিজ্ঞান অনুষদ | ১৪/০২/২০২৫ | শুক্রবার | সকাল ৯.৩০টা হতে<br>সকাল ১০.৩০টা পর্যন্ত | দুপুর ১২.০০টা হতে<br>দুপুর ১.০০টা পর্যন্ত | বিকাল ৩.৩০টা হতে<br>বিকাল ৪.৩০টা পর্যন্ত | |
| ইউনিট-B<br>কলা ও আইন অনুষদ | ১৫/০২/২০২৫ | শনিবার | সকাল ১০.০০টা হতে<br>সকাল ১১.০০টা পর্যন্ত | দুপুর ১.০০টা হতে<br>দুপুর ২.০০টা পর্যন্ত | বিকাল ৪.০০টা হতে<br>বিকাল ৫.০০টা পর্যন্ত | |
| ইউনিট-A<br>বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ | ২২/০২/২০২৫ | শনিবার | সকাল ১০.০০টা হতে<br>সকাল ১১.০০টা পর্যন্ত | দুপুর ১.০০টা হতে<br>দুপুর ২.০০টা পর্যন্ত | বিকাল ৪.০০টা হতে<br>বিকাল ৫.০০টা পর্যন্ত | |
| ইউনিট-C<br>বিজনেস স্টাডিজ অনুষদ | ২৮/০২/২০২৫ | শুক্রবার | সকাল ৯.৩০টা হতে<br>সকাল ১০.৩০টা পর্যন্ত | দুপুর ১২.০০টা হতে<br>দুপুর ১.০০টা পর্যন্ত | বিকাল ৩.৩০টা হতে<br>বিকাল ৪.৩০টা পর্যন্ত | |

## ৭। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে পরীক্ষার্থীর করণীয়ঃ

ক) সফলভাবে আবেদনকৃত পরীক্ষার্থীদের ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে, আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে, সংবাদপত্র ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে পরীক্ষা শুরুর দুইদিন পূর্বে জানানো হবে। পরীক্ষার্থীকে নির্ধারিত কেন্দ্রে নির্ধারিত আসনেই পরীক্ষা দিতে হবে।

খ) Admit Card ছাড়া কোনো পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। পরীক্ষার্থীকে Admit Card টি ভর্তি পরীক্ষার দিন পরীক্ষার হলে দায়িত্বরত প্রত্যবেক্ষক (Invigilator)-এর নিকট উপস্থাপন করতে হবে এবং তাতে প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষর করিয়ে নিতে হবে। প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরকৃত Admit Cardটি পরীক্ষার্থীকে সংরক্ষণ করতে হবে কারণ **পরবর্তীতে ভর্তির সময় প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Cardটি প্রয়োজন হবে।**

গ) Admit Card-এর ছবির সাথে শিক্ষার্থীর মিল না থাকলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঘ) পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস বহন করা নিষিদ্ধ। এ ধরনের কোনো সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করাসহ পরীক্ষা বাতিল করা হবে।

৮। **বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটের আসনসংখ্যা এবং ভর্তির শর্তাবলি:**

**ইউনিট-A (বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)**

| ক্রম. | বিভাগ | মোট আসন | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড এবং শর্তাবলি |
|---|---|---|---|
| ১. | রসায়ন | ৮০ | রসায়ন A-, গণিত B এবং পদার্থবিজ্ঞান B |
| ২. | গণিত | ৮০ | গণিত A-, "এ"-লেভেল পরীক্ষার ক্ষেত্রে গণিতে B ভর্তি পরীক্ষায় অবশ্যই গণিত বিষয়ে পরীক্ষা দিতে হবে এবং কমপক্ষে ৩০% নম্বর পেতে হবে। |
| ৩. | পদার্থবিজ্ঞান | ৮০ | পদার্থবিজ্ঞান A এবং গণিত A |
| ৪. | পরিসংখ্যান | ৮০ | গণিত A-, "এ"-লেভেল পরীক্ষার ক্ষেত্রে গণিতে C |
| ৫. | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৬০ | সকল বিষয়ে A |
| ৬. | উদ্ভিদবিজ্ঞান | ৮০ | জীববিজ্ঞান B এবং রসায়ন B |
| ৭. | ভূগোল ও পরিবেশ | ৮০ | প্রযোজ্য নয় |
| ৮. | মনোবিজ্ঞান | ৮০ | প্রযোজ্য নয় |
| ৯. | প্রাণিবিদ্যা | ৮০ | জীববিজ্ঞান B |
| ১০. | অণুজীব বিজ্ঞান | ৪৫ | জীববিজ্ঞান A+, রসায়ন A, পদার্থবিজ্ঞান A এবং ইংরেজি A |
| ১১. | ফার্মেসী | ৫০ | রসায়ন A, জীববিজ্ঞান A, গণিত A এবং ইংরেজি A |
| ১২. | প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান | ৪০ | রসায়ন A+, জীববিজ্ঞান A+, গণিত A, পদার্থবিজ্ঞান A এবং ইংরেজি A |
| ১৩. | জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি | ২৫ | রসায়ন A+, জীববিজ্ঞান A+, ইংরেজি A এবং পদার্থবিজ্ঞান A |
| **মোট** | | **৮৬০** | |

## ইউনিট-B [কলা ও আইন অনুষদ]

| ক্রম. | বিভাগ/ইনস্টিটিউট | মোট আসন | শাখাভিত্তিক আসন | | | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড এবং শর্তাবলি |
|---|---|---|---|---|---|---|
| | | | মানবিক | বিজ্ঞান | বাণিজ্য ও অন্যান্য | |
| ১. | বাংলা | ৮০ | ৬০ | ১০ | ১০ | বাংলা B |
| ২. | ইংরেজি | ৮০ | ৪০ | ২৫ | ১৫ | ইংরেজি A<br>ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে কমপক্ষে ৫০% নম্বর পেতে হবে। |
| ৩. | ইতিহাস | ৮০ | ৭০ | ১০ | - | প্রযোজ্য নয় |
| ৪. | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৮০ | ৭৫ | ৫ | - | |
| ৫. | ইসলামিক স্টাডিজ | ৮০ | ৭০ | ১০ | - | |
| ৬. | দর্শন | ৮০ | ৭৫ | ৫ | - | |
| ৭. | সংগীত | ৪০ | সকল শাখার জন্য উন্মুক্ত | | | |
| ৮. | নাট্যকলা | ৩৫ | সকল শাখার জন্য উন্মুক্ত | | | |
| ৯. | এডুকেশন (আইইআর) | ৫০ | ২৫ | ১৫ | ১০ | বাংলা ও ইংরেজি B |
| ১০. | ইংলিশ ল্যাংগুয়েজ (আইএমএল) | ৪০ | ২০ | ১০ | ১০ | বাংলা B, ইংরেজি A |
| ১১. | আইন | ৮০ | ৩০ | ৩০ | ২০ | বাংলা ও ইংরেজি A- |
| ১২. | ভূমি ব্যবস্থাপনা ও আইন | ৬০ | ৪০ | ১০ | ১০ | বাংলা ও ইংরেজি B |
| | **মোট** | **৭৮৫** | | | | |

## ইউনিট-C (ব্যবসায় শিক্ষা অনুষদ)

| ক্রম. | বিভাগ | মোট আসন | শাখাভিত্তিক আসন | | | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড |
|---|---|---|---|---|---|---|
| | | | বাণিজ্য | বিজ্ঞান | মানবিক ও অন্যান্য | |
| ০১ | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ | ১৬০ | ১৪০ | ১৫ | ৫ | বিজ্ঞান ও অন্য শাখা থেকে আগত পরীক্ষার্থীর গণিত অথবা পরিসংখ্যান অথবা জীববিজ্ঞানে B থাকতে হবে।<br>মানবিক শাখা থেকে আগত পরীক্ষার্থীর বাংলা ও ইংরেজিতে আলাদাভাবে B থাকতে হবে। |
| ০২ | ম্যানেজমেন্ট স্টাডিজ | ১৬০ | ১৪০ | ১৫ | ৫ | |
| ০৩ | ফিন্যান্স | ১০০ | ৯০ | ৭ | ৩ | |
| ০৪ | মার্কেটিং | ১০০ | ৯০ | ৭ | ৩ | |
| **মোট** | | **৫২০** | **৪৬০** | **৪৪** | **১৬** | |

## ইউনিট-D (সামাজিক বিজ্ঞান অনুষদ)

| ক্রম. | বিভাগ/ইনস্টিটিউট | মোট আসন | শাখাভিত্তিক আসন | | | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড |
|---|---|---|---|---|---|---|
| | | | মানবিক | বিজ্ঞান | বাণিজ্য ও অন্যান্য | |
| ১. | অর্থনীতি | ৮০ | ৩৫ | ৪০ | ৫ | গণিত অথবা অর্থনীতি অথবা পরিসংখ্যান অথবা হিসাববিজ্ঞানে A- |
| ২. | রাষ্ট্রবিজ্ঞান | ৮০ | ৫০ | ২০ | ১০ | বাংলা ও ইংরেজিতে A- |
| ৩. | সমাজবিজ্ঞান | ৮০ | ৬০ | ১০ | ১০ | বাংলা ও ইংরেজিতে A- |
| ৪. | সমাজকর্ম | ৮০ | ৬০ | ১৫ | ৫ | বাংলা ও ইংরেজিতে B |
| ৫. | নৃবিজ্ঞান | ৮০ | ৫৫ | ১৫ | ১০ | বাংলা ও ইংরেজিতে B |
| ৬. | গণযোগাযোগ ও সাংবাদিকতা | ৮০ | ৬০ | ১০ | ১০ | বাংলা ও ইংরেজিতে A- |
| ৭. | লোকপ্রশাসন | ৮০ | ৫০ | ২০ | ১০ | বাংলা ও ইংরেজিতে B |
| ৮. | ফিল্ম এন্ড টেলিভিশন | ৩০ | সকল শাখার জন্য উন্মুক্ত | | | বাংলা ও ইংরেজিতে A- |
| | **মোট** | **৫৯০** | | | | |

## ইউনিট-E (চারুকলা অনুষদ)

| ক্রম. | বিভাগ | মোট আসন | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড |
|---|---|---|---|
| ০১ | ড্রইং এন্ড পেইন্টিং | ২০ | প্রযোজ্য নয় |
| ০২ | প্রিন্টমেকিং | ২০ | |
| ০৩ | ভাস্কর্য | ২০ | |
| | **মোট** | ৬০ | |

০৯। **স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (Auto-migration):**

ভর্তির জন্য নির্বাচিত হয়ে কোনো বিভাগে ভর্তি হলে পরে বিধি মোতাবেক শিক্ষার্থীদের দেয়া বিষয় পছন্দক্রমের অগ্রাধিকার তালিকা অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন (Auto-migration) হবে। তবে কোনো শিক্ষার্থী চাইলে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (Auto-migration) বন্ধ (Migration-stop) করতে পারবে। সেক্ষেত্রে তাকে প্রথমে নির্বাচিত বিভাগে ভর্তি হতে হবে এবং ভর্তি হওয়ার পর তাকে পোর্টালে লগইন করে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন বন্ধ (Migration-stop) করতে হবে। উল্লেখ্য নির্বাচিত বিভাগে ভর্তি হয়ে Migration-stop করার জন্য নির্ধারিত সময়ের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন বন্ধ (Migration-stop) করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন বন্ধ (Migration-stop) না করলে বিধি মোতাবেক স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন হবে এবং শিক্ষার্থীকে তা অবশ্যই মেনে নিতে হবে।

১০। **মেধা তালিকা প্রস্তুতকরণ:**

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং ভর্তি পরীক্ষার বহুনির্বাচনী ও লিখিত অংশে (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায়) প্রাপ্ত নম্বর-এর ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে। মেধা ও শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রমের সমন্বয়ে তৈরি চূড়ান্ত তালিকার মাধ্যমে বিভাগ ভিত্তিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১১। **ভর্তির সময় শিক্ষার্থীর প্রয়োজনীয় কাগজপত্র :**

ভর্তি সম্পন্ন করতে শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্রগুলো মনোনয়ন প্রাপ্ত বিভাগে জমা দিতে হবে-

i) পরীক্ষার হলে কক্ষ প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card;
ii) সদ্যতোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
iii) Online হতে প্রিন্টকৃত ভর্তি ফরম;
iv) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র;
v) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্রের সত্যায়িত কপি ০২ (দুই) সেট।

১২। **(ক) কোটায় ভর্তি:**

মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী (Differently Abled- দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক, নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস ও হিজড়া), ক্ষুদ্র-নৃগোষ্ঠী, হরিজন ও দলিত, খেলোয়াড় (BKSP) এবং পোষ্য (WARD) (জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের সন্তান/স্বামী/স্ত্রী) কোটায় আবেদনকারী পরীক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৩০-নম্বর প্রাপ্ত হলে কোটায় ভর্তির জন্য প্রাথমিকভাবে যোগ্য বলে বিবেচিত হবেন।

**(খ) কোটায় ভর্তির হার নিম্নরূপ:**

| | | |
|---|---|---|
| i. মুক্তিযোদ্ধার সন্তান (FFQ) | : | ৫% |
| ii. ক্ষুদ্র নৃগোষ্ঠী (SEQ)/ প্রতিবন্ধী (PDQ)/ হরিজন ও দলিত (HDQ) | : | ১% |
| iii. পোষ্য (WQ) | : | প্রতি বিভাগে ২ জনের অধিক নয়। |
| iv. খেলোয়াড় (BKSP) | : | প্রতি বিভাগে ২ জনের অধিক নয়। |
| v. বিদেশি কোটা | : | বিদেশি শিক্ষার্থী ভর্তি করা হবে। |

**(গ) <u>কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র/সনদ থাকতে হবে</u>:**

১. **মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে:**
   ক) লাল মুক্তিবার্তা/সরকারি গেজেটের ফটোকপি।
   খ) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক মূল সনদপত্র।

২. **ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে:**
   ক) জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মূল সনদপত্র।
   খ) গোষ্ঠী প্রধান কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট জাতিগত সনদ।

৩. **হরিজন ও দলিত কোটার ক্ষেত্রে:**
   ক) জেলা প্রশাসক/উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রত্যয়নপত্র।

৪. **প্রতিবন্ধী (Differently Abled) কোটার ক্ষেত্রে:**
   ক) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/আইডি (প্রয়োজনে শিক্ষার্থীর প্রতিবন্ধিত্ব চিকিৎসক কর্তৃক পরীক্ষা করা হবে)।

৫. **খেলোয়াড় কোটার ক্ষেত্রে:**
   ক) বিকেএসপি কর্তৃক প্রদত্ত এসএসসি অথবা এইচএসসি-এর মূল সনদপত্র।

৬. **পোষ্য (WARD) কোটার ক্ষেত্রে:**
   ক) বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

- **কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদনের সময় অবশ্যই কোটা উল্লেখ করতে হবে। পরবর্তী সময়ে কোটায় অন্তর্ভুক্তির জন্য কোনো আবেদন বিবেচনা করা হবে না।**
- **কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণের দিন কোটা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সঙ্গে আনতে হবে।**
- **ভর্তিচ্ছু বিদেশি শিক্ষার্থীদের ০১/১২/২০২৪ থেকে ১৫/১২/২০২৪ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময় সকাল ৮.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত) কেন্দ্রীয় ভর্তি কমিটির সদস্য-সচিব, রেজিস্ট্রার-এর অফিসে যোগাযোগ করে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রাথমিক আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।**

১৩। **বিবিধ:**

ক) ভর্তি প্রক্রিয়ার যে কোনো স্তরে অনিয়ম/অযোগ্যতা/দুর্নীতি ধরা পড়লে ভর্তি বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ) পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো অভিযোগ প্রমাণিত হলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

গ) ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের ক্ষমতা কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।

ঘ) ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের admission ওয়েবসাইট (https://admission.jnu.ac.bd)-এ পাওয়া যাবে।

**(অধ্যাপক ড. শেখ মো: গিয়াস উদ্দিন)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)